

# প্রথম আলো বাংলাদেশ

## আগামীকাল জাপান যাচ্ছেন প্রধানমন্ত্রী

কূটনৈতিক প্রতিবেদক | আপডেট: ১৮:১৪, মে ২৫, ২০১৬



শিল্পোন্নত সাতটি দেশের জোট জি-৭-এর

আউটরিচ বৈঠকে যোগ দিতে জাপানে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামীকাল বৃহস্পতিবার সকাল

১০টায় বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইটে তিনি ও তাঁর সফরসঙ্গীরা রওনা হবেন।

জাপানের ইসেসিমাতে ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রীকে স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন এবং উন্নত অবকাঠামো

বিনির্মাণে সহযোগিতা-সংশ্লিষ্ট চারটি মৌলিক বিষয়ে আলোচনায় নেতৃত্বশীল ভূমিকা নেওয়ার অনুরোধ

জানানো হয়েছে।

জাপান সফরের সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জি-৭ ভুক্ত দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের সঙ্গে

দ্বিপক্ষীয় আলোচনা করবেন। ২৮ মে তিনি টোকিওতে বাংলাদেশ দূতাবাসের নিজস্ব ভবনের উদ্বোধন

করবেন। এ ছাড়া তিনি ২৯ মে বাংলাদেশে জাপানের বিনিয়োগ নিয়ে সে দেশের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে

মতবিনিময় করবেন। সেদিন রাতেই তাঁর দেশে ফেরার কথা।